



কাজী রিয়াজুল হক  
চেয়ারম্যান

জাতীয় মানবাধিকার কমিশন, বাংলাদেশ  
(মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগের বিচারকের  
বেতন, ভাতা ও অন্যান্য সুবিধাদি সহ নিয়োগ প্রাপ্ত)

ডি.ও নং- এনএইচআরসিবি/চেয়ার:/৪১৯/১৬-৩৮

তারিখ: ০২ এপ্রিল ২০১৭

প্রিয় **মাঠে**,

জাতীয় মানবাধিকার কমিশন, বাংলাদেশ এর পক্ষ থেকে আন্তরিক শুভেচ্ছা গ্রহণ করুন।


সরকার দেশের পিছিয়ে পড়া ও অনগ্রসর জনগোষ্ঠীর মানব সম্পদ উন্নয়ন, দারিদ্র বিমোচন, কল্যাণ, উন্নয়ন, ক্ষমতায়নে কাজ করে যাচ্ছে, যা বাংলাদেশকে বিশ্ব দরবারে একটি কল্যাণ রাষ্ট্র হিসাবে পরিচিত করার ক্ষেত্রে অনন্য অবদান রাখবে। এজন্য অভিনন্দন।

আপনি অবগত আছেন যে, জাতীয় মানবাধিকার কমিশন আইন, ২০০৯ এর অধীনে প্রতিষ্ঠিত জাতীয় মানবাধিকার কমিশন প্রতিষ্ঠালগ্ন থেকেই দেশের সর্বস্তরের মানুষের অধিকার সমুন্নত রাখতে প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। এরই ধারাবাহিকতায় বিভিন্ন ভাবে সুবিধাবঞ্চিত ও প্রান্তিক জনগোষ্ঠীর অধিকার সুরক্ষায় কমিশন ১১টি বিষয়ভিত্তিক কমিটি গঠন করেছে যার মধ্যে প্রতিবন্ধী ব্যক্তি ও অটিজম শীর্ষক বিষয়ভিত্তিক কমিটি অন্যতম। এ কমিটির উদ্যোগে কমিশন প্রতিবন্ধী জনগোষ্ঠীর অধিকার প্রতিষ্ঠায় সরকারের নিকট প্রয়োজনীয় সুপারিশ প্রেরণ করে আসছে। এ ধারাবাহিকতায় সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য জাতীয় কর্মপরিকল্পনা প্রণয়নের উদ্যোগকে স্বাগত জানিয়ে কমিশন অংশীজনদের সাথে ধারাবাহিক পরামর্শ করে এবং তাঁদের মতামতের ভিত্তিতে কমিশনের পক্ষ থেকে খসড়া কর্মপরিকল্পনা গত ১৩ আগস্ট, ২০১৭ তারিখে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। জাতীয় কর্মপরিকল্পনা প্রণয়নের সর্বশেষ অবস্থা সম্পর্কে কমিশনকে অবহিত করার জন্য আপনাকে অনুরোধ জানাচ্ছি।

সরকার প্রতিবন্ধী জনগোষ্ঠীর অধিকার সুরক্ষা ও মর্যাদা প্রতিষ্ঠায় অত্যন্ত সচেতন। প্রতিবন্ধী ব্যক্তির অধিকার সংক্রান্ত জাতিসংঘ সনদ, ২০০৬ অনুসমর্থনে বাংলাদেশ অন্যতম অগ্রগামী দেশ। এছাড়া, বাংলাদেশে প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন, ২০১৩ এবং আইনের বিধিমালা গৃহীত হয়েছে। উক্ত আইনের উদ্দেশ্য পূরণকল্পে ধারা ১৭, ১৯, ২১, ২৩ ও ২৪ এ প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা সংক্রান্ত জাতীয় সমন্বয় কমিটি, নির্বাহী কমিটি, জেলা কমিটি, উপজেলা কমিটি ও শহর কমিটি গঠনের নির্দেশনা রয়েছে। উল্লিখিত কমিটিসমূহ কিছু ক্ষেত্রে গঠিত হয়েছে, কিন্তু ২ বছর অতিক্রান্ত হলেও পুরোপুরি কার্যকর হয়নি। ফলে প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার সুরক্ষায় আইন ও বিধি অনুসারে পদক্ষেপ গ্রহণ সম্ভব হচ্ছে না, যা দেশব্যাপী মানবাধিকার সংস্কৃতি প্রতিষ্ঠায় অন্তরায় সৃষ্টি করেছে। এমতাবস্থায়, আইনে বর্ণিত কমিটিগুলো কার্যকর করার জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণে আপনার সহযোগিতা কামনা করছি।

**দুলাহ ও শুভেচ্ছান্তে,**

জনাব মোঃ জিল্লার রহমান  
সচিব  
সমাজকল্যাণ মন্ত্রণালয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

  
কাজী রিয়াজুল হক ২/৪/২০১৭  
চেয়ারম্যান  
জাতীয় মানবাধিকার কমিশন